দৈনিক
ইত্তেফাক

তারিখ : 16 DEC 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

ঢাবি রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন

# প্রগতি পরিষদের প্যানেল ঘোষণা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে বামপন্থি শিক্ষকদের প্যানেল 'প্রগতি পরিষদ' নির্বাচনে অংশগ্রহণ করবে। গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতি (ডুজা) কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। নির্বাচনে তারা ১৫ সদস্যের প্রার্থী এবং আট দফা অঙ্গীকারও প্রদান করেছে।

সম্মেলনে লিখিত বক্তব্যে ঢাবি অর্থনীতি বিভাগের অধ্যাপক এমএম আকাশ জানান, ঢাবিতে প্রচলিত দুটি দল সাদা ও নীল উভয়ই মুক্তিযুদ্ধের চেতনার দাবিদার হলেও উভয় দলের প্রশাসনের আমলে ঢাবির ভাবমূর্তির অবক্ষয় অব্যাহত ছিলো। এ কারণে সার্বিক বাস্তবতায় আগামী সিনেট নির্বাচনে আমরা লড়াই করার সিদ্ধান্ত নিয়েছি।

প্রগতি পরিষদের আহ্বায়কের ভূমিকা পালন করবেন মুক্তিযোদ্ধা ও সাবেক ঢাবি সিনেট সদস্য এফ এম বদিউর রহমান। পরিষদের অন্য প্রার্থীরা হলেন, নটর ডেম কলেজের সাবেক অধ্যাপক ও মাসিক শিক্ষাবার্তার সম্পাদক এ এন রাশেদা, সাবেক ছাত্র নেতা আবদুর রহিম খান, মুক্তিযোদ্ধা আবু কাওসার মো. মাহবুবল আলম, শরীয়তপুর সরকারি কলেজের সাবেক অধ্যাপক এম এ আজিজ মিয়া, ঢাবি সমাজ বিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক কেএএম সাদউদ্দিন, সাবেক ব্যাংকার গোপাল চন্দ্র গুহ রায়, পিএইচডি গবেষক নিতাই কান্তি দাস, ঢাবি সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক নেহাল করিম, ব্যাংকার বিমল মজুমদার, ঢাবি অর্থনীতি বিভাগের অধ্যাপক এমএম আকাশ, বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট মোহাম্মদ আবু তাহের, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার কর্মকর্তা মো. আমিনুর রহমান, অধ্যাপক মো. আমিনুল ইসলাম এবং আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সাবেক কর্মকর্তা শান্তনু দে।

সম্মেলনে উপস্থিত ছিলেন প্রগতি পরিষদের আহ্বায়ক মুক্তিযোদ্ধা এ এফ এম বদিউর রহমান, অধ্যাপক ও মাসিক শিক্ষাবার্তার সম্পাদক এ এন রাশেদা প্রমুখ।